

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 21-11-2024
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, ঐতিহাসিক ও সাংস্কৃতিক দিক দিয়ে সমৃদ্ধ ত্রিপুরা উন্নয়নের দিকেও এগিয়ে রয়েছে ।
- (২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, উন্নয়ন কর্মসূচি রূপায়ণে ত্রিস্তর পঞ্চায়েতের জনপ্রতিনিধিদের স্বচ্ছতা ও সততা নিয়ে কাজ করতে হবে ।
- (৩) মৎস্যমন্ত্রী সুধাংশু দাস জানিয়েছেন, রাজ্যের বন্যায় ক্ষতিগ্রস্ত মৎস্য চাষীদের ১০ কোটি টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে ।
- (৪) কেন্দ্রীয় সংস্কৃতি ও পর্যটন মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত আগামীকাল নতুনদিল্লিতে একটি অনুষ্ঠানে ২০২২ ও ২০২৩ সালের ওস্তাদ বিসমিল্লাহ খান যুব পুরস্কার প্রদান করবেন ।
- (৫) কোচবিহার ট্রফি অনূর্ধ্ব ১৯ বছরের ক্রিকেটের চারদিনের খেলায় ত্রিপুরা ইনিংস ও ৬১ রানে সিকিমকে পরাজিত করেছে ।

Governor-Pilak :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, ত্রিপুরা ছোট রাজ্য হলেও ঐতিহাসিক ও সাংস্কৃতিক দিক দিয়ে খুবই সমৃদ্ধ। এই রাজ্যে অনেকগুলি ঐতিহাসিক এবং পর্যটন কেন্দ্র রয়েছে। আজ

জোলাইবাড়িতে পিলাক প্রত্নতাত্ত্বিক স্থল পরিদর্শনের পর সংবাদ মাধ্যমকে তিনি একথা জানান। তিনি বলেন, ত্রিপুরা দেশের অন্যান্য রাজ্যগুলির সঙ্গে উন্নয়নের নিরিখে প্রতিযোগিতায় রয়েছে এবং সামনের দিকে এগিয়ে যাচ্ছে।

রাজ্যপাল শ্রী রেড্ডি আজ পিলাক প্রত্নতাত্ত্বিক ও পর্যটন কেন্দ্রে পৌঁছলে দক্ষিণ ত্রিপুরা জেলার অতিরিক্ত জেলাশাসক প্রদীপ কে, শান্তিরবাজার মহকুমার মহকুমা শাসক মনোজ কুমার সাহা এবং আর্কিওলজিক্যাল আইজল সার্কেলের অ্যাসিস্টেন্ট সুপারিনটেনডেন্ট ড. সালাম শ্যাম সিং স্বাগত জানান। দক্ষিণ জেলা পুলিশের পক্ষ থেকে রাজ্যপালকে গার্ড অব অনার দেওয়া হয়। এরপর রাজ্যপাল পিলাকের হিন্দু ও বৌদ্ধ প্রত্নতাত্ত্বিক নিদর্শনগুলি ঘুরে দেখেন। আর্কিওলজিক্যাল আইজল সার্কেলের অ্যাসিস্টেন্ট সুপারিনটেনডেন্ট ড. সিং প্রত্নতাত্ত্বিক নিদর্শনগুলি সম্পর্কে রাজ্যপালকে বিস্তারিতভাবে অবহিত করেন। তিনি এরপর পিলাক মিউজিয়ামটিও পরিদর্শন করেন।

State Level People's Plan Campaign :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, উন্নয়ন কর্মসূচি রূপায়ণে ত্রিস্তর পঞ্চায়েতের জনপ্রতিনিধিদের স্বচ্ছতা ও সততা নিয়ে কাজ করতে হবে। জনপ্রতিনিধিদের ভালো ব্যবহার করলে মানুষ তাদের উপর বিশ্বাস রাখবে। আজ অরুন্ধতীনগরস্থিত পঞ্চায়েতরাজ ট্রেনিং ইনস্টিটিউটের গ্রাম স্বরাজ ভবনে রাজ্যভিত্তিক জনপরিবর্তন অভিযানে এক কর্মশালার উদ্বোধন করে তিনি একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী পঞ্চায়েতরাজ প্রশিক্ষণ কেন্দ্রটিকে স্টেট পঞ্চায়েত রিসোর্স সেন্টার হিসেবে ঘোষণা করেন।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, প্রতিবছর জনপরিবর্তন অভিযানের মাধ্যমে পঞ্চায়েত স্তরে বার্ষিক পরিবর্তন প্রস্তুত করা হয়। এর

উদ্দেশ্য হলো জনগণের সার্বিক অংশগ্রহণের মাধ্যমে পরবর্তী অর্থবছরের জন্য উন্নয়নমূলক পরিকল্পনা তৈরি করা। মুখ্যমন্ত্রী বলেন, ২০৩০ সালের মধ্যে জাতিসংঘে গৃহীত ১৭টি ক্ষেত্রে সুস্থায়ী উন্নয়নে লক্ষ্যমাত্রা অর্জনে আমাদের দেশ বদ্ধপরিকর। এরই অঙ্গ হিসেবে লোকলাইজেশন অব সাস্টেনেবল ডেভেলপমেন্ট গোলস'র ৯টি বিষয়কে সামনে রেখে রাজ্যের প্রতিটি গ্রাম পঞ্চায়েত এবং ভিলেজ কমিটি স্তরে পরিকল্পনা তৈরি করা হচ্ছে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, পঞ্চায়েতের বার্ষিক পরিকল্পনা তৈরিতে গ্রামীণ এলাকায় বিভিন্ন দপ্তরের কেন্দ্র ও রাজ্য সরকারের প্রকল্পসমূহ সহ অগ্রাধিকার ভিত্তিক প্রকল্পকে মাথায় রেখে পরিকল্পনা করা আবশ্যিক। গ্রাম সংসদের মাধ্যমে কাজের তালিকা প্রস্তুত করা এবং তা অনুমোদনের মাধ্যমে বার্ষিক চূড়ান্ত পরিকল্পনা সম্পূর্ণ করাও অত্যন্ত জরুরি। রাজ্যের ২৫টি পঞ্চায়েতিরাজ প্রতিষ্ঠানকে আইএসও সার্টিফাইড করার প্রয়াস চলছে এবং আশা করা হচ্ছে ২০২৫ সালের মার্চ মাসের মধ্যে ২৫টি পঞ্চায়েতিরাজ প্রতিষ্ঠান আইএসও সার্টিফাইড হিসেবে আত্মপ্রকাশ করবে বলে মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন।

অনুষ্ঠানে পঞ্চায়েত ডেভেলপমেন্ট ইন্ডেক্স স্কোরের ভিত্তিতে সেরা জেলা, ব্লক, ও ভিলেজ কমিটিগুলিকে পুরস্কৃত করা হয়। সেরা ৩টি জেলার মধ্যে প্রথম স্থান অধিকার উনকোটি জেলা, দ্বিতীয় দক্ষিণ ত্রিপুরা জেলা এবং তৃতীয় স্থান পেয়েছে পশ্চিম ত্রিপুরা জেলা। সেরা ৪টি ব্লকের মধ্যে প্রথম হয়েছে কুমারঘাট ব্লক, দ্বিতীয় পদ্মবিল, যুগ্মভাবে তৃতীয় রূপাইছড়ি ও অমরপুর ব্লক। সেরা ৪টি গ্রাম পঞ্চায়েত ও ভিলেজ কাউন্সিলের মধ্যে স্থান পেয়েছে রূপাইছড়ি ব্লকের রূপাইছড়ি ভিলেজ কাউন্সিল, দ্বিতীয় অমরপুর ব্লকের বামপুর গ্রামপঞ্চায়েত এবং যুগ্মভাবে তৃতীয় স্থান পেয়েছে অমরপুর ব্লকের পশ্চিম মালবাসা ও চড়িলাম ব্লকের মধ্য ব্রজপুর। স্মার্ট অফিসে ইনোভেশন বাস্তবায়নে প্রথম স্থান

পয়েছে জিরানিয়া ব্লকের পশ্চিম মজলিশপুর এবং দ্বিতীয় স্থান পেয়েছে কুমারঘাট ব্লকের ফটিকরায় গ্রামপঞ্চায়েত। ই অফিস ব্যবস্থা বাস্তবায়নে সাতচাঁদ ব্লকের বিডিও অনুপম দাসকে পুরস্কৃত করা হয়।

Fishery Day :

মৎস্যমন্ত্রী সুধাংশু দাস জানিয়েছেন, রাজ্যের বন্যায় ক্ষতিগ্রস্ত মৎস্য চাষীদের ১০ কোটি টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। আজ বিশ্ব মৎস্য দিবস উপলক্ষ্যে আগরতলার প্রজ্ঞা ভবনে মৎস্য দপ্তর আয়োজিত রাজ্যভিত্তিক অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, আগামী ডিসেম্বর মাসে ঊনকোটি জেলার সতেরো হাউরে ইন্টিগ্রেটেড একোয়া পার্ক নির্মাণের কাজ শুরু হবে। ইতিমধ্যে প্রধানমন্ত্রী মৎস্য যোজনার অন্তর্গত এই প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকার প্রথম ধাপে ৪৩ কোটি টাকা প্রদান করেছে। তিনি বলেন, রাজ্যের ৯৫ শতাংশ মানুষ মাছ খেতে পছন্দ করে। যার দরুন রাজ্যে প্রতি বছর মাছের চাহিদা ১ লক্ষ ১৭ হাজার মেট্রিক টন। এক্ষেত্রে প্রতি বছর রাজ্যে মাছ উৎপাদন করা হয় ৮৫ হাজার মেট্রিক টন। বাকি ৩২ হাজার মেট্রিক টন মাছ অন্যান্য রাজ্য ও বাংলাদেশ থেকে আনা হয়। মন্ত্রী বলেন যদি মৎস্য চাষীরা এই ঘাটতি পূরণে উদ্যোগী হয় সেক্ষেত্রে মৎস্য দপ্তর সবধরনের সহায়তা করবে। উল্লেখ্য অনুষ্ঠানে মৎস্য চাষে বিভিন্ন ক্ষেত্রে উল্লেখযোগ্য কাজের জন্য পুরস্কার প্রদান করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মৎস্য দপ্তরের সচিব দীপা ডি নায়ার, অধিকর্তা সন্তোষ দাস, ফিশারি কলেজের ডিন অধ্যাপক অরুন ভাই প্যাটেল প্রমুখ।

Hospital Visit-KAILASHAHAR :

সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায় এবং স্বাস্থ্যসচিব কিরণ গিত্তে সহ এক প্রশাসনিক প্রতিনিধিদল আজ কৈলাশহরস্থিত ঊনকোটী জেলা হাসপাতাল পরিদর্শন করেন। প্রতিনিধিদলে ছিলেন, ঊনকোটী জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা, স্বাস্থ্য অধিকর্তা ডাঃ সঞ্জীব দেববর্মা, জাতীয় স্বাস্থ্য মিশনের যুগ্ম মিশন অধিকর্তা অরুণ দেব। তাছাড়া ছিলেন, পূর্ত, বিদ্যুৎ এবং পানীয় জল ও স্বাস্থ্যবিধি দপ্তরের প্রকৌশলীরা। ঊনকোটী জেলা হাসপাতালের পরিকাঠামো ও পরিষেবা নিয়ে মেডিকেল সুপারের অফিসকক্ষে এক বৈঠক করেন প্রতিনিধিদলটি। তারা হাসপাতালের বর্ষিবিভাগ, অর্ন্তবিভাগ পরিদর্শন করেন। কথা বলেন রোগি ও তাদের আত্মীয় পরিজনদের সঙ্গে। পরিদর্শন শেষে সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী শ্রী রায় জানান, হাসপাতালটির সুবিধা-অসুবিধা সরেজমিনে খতিয়ে দেখতে আজকের এই পরিদর্শন। রোগীদের স্বার্থে আরো ভালো পরিষেবা শীঘ্রই পাওয়া যাবে বলে তিনি আশা প্রকাশ করেন।

Youth Award :

কেন্দ্রীয় সংস্কৃতি ও পর্যটন মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত আগামীকাল নতুনদিল্লিতে একটি অনুষ্ঠানে ২০২২ ও ২০২৩ সালের ওস্তাদ বিসমিল্লাহ খান যুব পুরস্কার প্রদান করবেন। মোট ৮২ জন তরুণ শিল্পীকে এই পুরস্কারে ভূষিত করা হবে। এই পুরস্কারের লক্ষ্য হল সঙ্গীত, নৃত্য, নাটক, লোক ও উপজাতীয় শিল্পকলা এবং দেশের অন্যান্য শিল্পের ক্ষেত্রে তরুণ শিল্পীদের উৎসাহিত করা এবং অনুপ্রাণিত করা। দিল্লিতে এবং দিল্লির বাইরের সঙ্গীত, নৃত্য, নাটক, লোক ও উপজাতীয় শিল্পকলা এবং পুতুলশিল্পের ক্ষেত্রে অসামান্য তরুণ শিল্পীদের এই পুরস্কার দেওয়া হয়। পুরস্কার হিসেবে ২৫ হাজার টাকা নগদ পুরস্কার, একটি ফলক এবং একটি অঙ্গবস্ত্র দেয়া হবে।

OTT Platform :

প্রসার ভারতীর চেয়ারম্যান নবনীত কুমার সেহগাল আজ বলেছেন যে নতুন OTT প্ল্যাটফর্ম চালু করার উদ্দেশ্য হলো ডিজিটাল ক্ষেত্রে স্বাস্থ্যকর বিষয়বস্তু নিয়ে আসা এবং শিশু এবং যুবক সহ সমাজের সকল শ্রেণীর জন্য ভালো বিষয়বস্তু উপস্থাপন করা। গণ সম্প্রচারকারী প্রসার ভারতীর ওটিটি প্ল্যাটফর্ম ওয়েভস চালু করার একদিন পর শ্রী সেহগাল সাংবাদিকদের জানান যে এই প্ল্যাটফর্মে দূরদর্শনের যে সমস্ত অনুষ্ঠান এতদিন ধরে মানুষ দেখে এসেছেন সেগুলি সংরক্ষিত থাকবে। তিনি আরও উল্লেখ করেন যে এই প্ল্যাটফর্মে ঐতিহ্যকে কেন্দ্র করে আঞ্চলিক সাংস্কৃতিক অনুষ্ঠান অন্তর্ভুক্ত করা হয়েছে। প্রসার ভারতীর সিইও গৌরব দ্বিবেদী বলেছেন যে ওটিটি প্ল্যাটফর্ম চালু করার পিছনে প্রেরণা হল সর্বাধিক দর্শকদের কাছে পৌঁছানো। শ্রী দ্বিবেদী আরও বলেন যে, জাতীয় সম্প্রচারকারী হিসেবে, প্রসার ভারতীর ওটিটি প্ল্যাটফর্ম, প্রাথমিকভাবে প্রায় দশটি ভাষায় বিষয়বস্তু প্রদর্শন করবে এবং আগামীদিনে সমস্ত ভাষা এবং উপভাষায় অনুষ্ঠান করার লক্ষ্যমাত্রা রয়েছে।

Power Meeting :

পিএম সূর্য ঘর মুফত বিজলি যোজনার সফল বাস্তবায়ন এবং কাজের অগ্রগতি নিয়ে আজ আগরতলায় পর্যালোচনা বৈঠক হয়। বৈঠকে ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম, নিপকোর কর্মকর্তাগণ অংশ নেন। রাজ্য বিদ্যুৎ নিগমের পক্ষ থেকে জানানো হয়, এই প্রকল্পের দ্রুত বাস্তবায়ন নিয়ে রাজ্য বিদ্যুৎ নিগম ও নিপকোর আধিকারিকরা আলোচনা পর কিছু সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং প্রকল্পের বিষয়ে জনসাধারণকে সচেতন করার বিষয়েও গুরুত্ব দেওয়া হয়। বৈঠকে নিগমের ম্যানেজিং ডিরেক্টর বিশ্বজিৎ বসু, অর্থ-অধিকর্তা সর্বজিৎ সিং ডোগরা, পিএম সূর্য ঘর মুফত বিজলী যোজনার নোডাল অফিসার সুজাতা দাস, নিপকোর ডিরেক্টর

(পার্সোনাল) মেজর জেনারেল রাজেশ কুমার বা, চীফ জেনারেল ম্যানেজার জিতেন সি দাস ও অন্যান্য আধিকারিকরা উপস্থিত ছিলেন।

Madhupur PHC :

বিশালগড়ের মধুপুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র স্বাস্থ্য পরিষেবা ক্ষেত্রে জাতীয় গুণমান নিশ্চিতকরন শংসাপত্র অর্জন করেছে। আকাশবাণীর সিপাহীজলা জেলা প্রতিনিধি অভিজিৎ বর্ধনকে আজ এক সাক্ষাৎকারে বিশালগড় মহকুমা স্বাস্থ্য আধিকারিক ডক্টর জে.এম দাস জানিয়েছেন, কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের একটি প্রতিনিধি দলের মূল্যায়ন অনুযায়ী স্বাস্থ্য পরিষেবায় উল্লেখযোগ্য সাফল্যের জন্য ৮৬ শতাংশেরও বেশি নাস্তার পেয়েছে এই প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রটি। এই শংসাপত্র পাবার ফলে আগামী ৩ বছর মধুপুর স্বাস্থ্য কেন্দ্র পরিষেবা আরো উন্নয়নের জন্য অতিরিক্ত অর্থ বরাদ্দসহ বিভিন্ন সুযোগ-সুবিধা পাবে।

Courtsey Meet :

জনজাতি সমাজপতি খনারাম রিয়াং এর নেতৃত্বে আজ এক প্রতিনিধি দল আগরতলায় মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সঙ্গে সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন। সাক্ষাৎকালে জনজাতিদের উন্নয়নের লক্ষ্যে সরকারের গৃহীত বিভিন্ন পদক্ষেপ সম্পর্কে আলোচনা হয়। মুখ্যমন্ত্রী বলেন জনজাতিদের উন্নয়নে সরকার নিরন্তর চেষ্টা চালিয়ে যাচ্ছে।

Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৪শে নভেম্বর, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত' -

এর ১১৬তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নমঃ APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

Cooch Behar Trophy :

কোচবিহার ট্রফি অনূর্ধ্ব ১৯ বছরের ক্রিকেটের চারদিনের খেলায় ত্রিপুরা ইনিংস ও ৬১ রানে সিকিমকে পরাজিত করেছে। সিকিমের রংপোতে অনুষ্ঠিত খেলার দ্বিতীয় দিনে আজ ৬ উইকেটে ৭৬ রান থেকে ব্যাট করতে নেমে রাজ্যদল দ্বিতীয় ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ২৩১ রান সংগ্রহ করে। দলের পক্ষে অর্কজিত রায় ৭৯ ও রোহন বিশ্বাসের ৬৪ রান করে। ১০২ রানে পিছিয়ে থেকে দ্বিতীয় ইনিংসে খেলতে নেমে স্বাগতিক সিকিম সবকটি উইকেট হারিয়ে মাত্র ৪১ রান করে। এর আগে সিকিম প্রথম ইনিংসে ১২৯ রান করেছিল।

Athletics Sushant :

ত্রিপুরা এথলেটিক্স এসোসিয়েশনের উদ্যোগে আগামী ডিসেম্বর মাসে ৫৪তম রাজ্যভিত্তিক এথলেটিক্স প্রতিযোগিতা রাণীরবাজারে অনুষ্ঠিত হবে। এর আগে আটটি জেলাতে হবে জেলা ভিত্তিক আসর। এর লক্ষ্যে আজ ত্রিপুরা এথলেটিক্স এসোসিয়েশনের সভাপতি পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরীর পৌরহিত্যে এক প্রস্তুতি সভা হয়। সভায় রাজ্য আসরের বিষয়ে এই সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

Under 15 Cricket :

অনূর্ধ্ব ১৫ বছরের মেয়েদের জাতীয় ক্রিকেটের গ্রুপের প্রথম খেলায় আজ ত্রিপুরা পরাজিত হয়েছে। দেবাদুনে অনুষ্ঠিত সীমিত ওভারের আসরে মধ্যপ্রদেশ ৯ উইকেটে রাজ্যদলকে হারিয়ে দেয়।

Weather :

আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। কুয়াশা পড়বে। আগামীকাল সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০ দশমিক ৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৬.৬ ডিগ্রী সেলসিয়াস।
